● দৈনিক সংবাদ

তারিখ ... 03 MAY 1991 ...
পৃষ্ঠা ... কলাম ...

এসএসসি পরীক্ষার ১ম দিন

## ঢাকা বোর্ডে ৪৫১ জন ও রাজশাহীতে ১১৫২ জন বহিষ্কৃত

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল বৃহস্পতিবার ঢাকা ও রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে ১৯৯১ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা শুরু হয়েছে। গত সোমবার রাতে দেশের দক্ষিণাঞ্চলে প্রচণ্ড ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসের কারণে কুমিল্লা ও যশোর শিক্ষা বোর্ডের পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়।

পরীক্ষা ঃ পৃঃ ৭ কঃ ৪

# এসএসসি পরীক্ষার প্রথম দিন

(১ম পাতার পর)

দু'টি বোর্ডের অধীনে মোট ২শ' ৬৯টি কেন্দ্রে মোট ২ লাখ ৬২ হাজার ৬শ' ৬৯ জন পরীক্ষার্থী এবারের এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে।

এর মধ্যে ঢাকা বোর্ডের অধীনে বিদেশের ৭টি কেন্দ্রসহ মোট ১শ' ৩৮টি কেন্দ্রে ১ লাখ ৪৯ হাজার ৫শ' ৫৩ জন ছাত্র-ছাত্রী এবং রাজশাহী বোর্ডের অধীনে ১শ' ৩১টি কেন্দ্রে ১ লাখ ১৩ হাজার ১শ' ১৬জন ছাত্র-ছাত্রী রয়েছে।

এসএসসি পরীক্ষার প্রথম দিনে গতকাল ঢাকা মহানগরীসহ ঢাকা বোর্ডের ১৫টি জেলার বিভিন্ন কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের দায়ে ৪শ' ৫১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। রাজশাহী বোর্ডে ৪ জন শিক্ষকসহ ১ হাজার ১শ' ৫২ জনকে বহিষ্কার করা হয়েছে। ঢাকা বোর্ডে বহিষ্কৃতদের মধ্যে মহানগরীর কলেজিয়েট স্কুল কেন্দ্র থেকে ১জন, নারায়ণগঞ্জে ১১, নরসিংদীতে ৪৭, কালীগঞ্জে ৩, মুন্সীগঞ্জে ৪১, মানিকগঞ্জে ৭, টাঙ্গাইলে ২, ফরিদপুরে ১৬, শরীয়তপুরে ৭, রাজবাড়ীতে ৬০, গোপালগঞ্জে ১০, ময়মনসিংহে ১৮৩, নেত্রকোনায় ৩০, জামালপুরে ২৯ এবং শেরপুরে (নকলী) ৪জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

শিক্ষামন্ত্রী ডাঃ এ, কিউ, এম বদরুদ্দোজা চৌধুরী এবং শিক্ষা সচিব এ, এন, এম ইউসুফ গতকাল এসএসসি পরীক্ষার প্রথমদিনে রাজধানীর কয়েকটি কেন্দ্র পরিদর্শন করেন।

ঢাকা বোর্ডের কন্ট্রোলরুম সূত্রে জানা গেছে, ফরিদপুরে একজন প্রাইভেট পরীক্ষার্থীকে বহিষ্কারের ঘটনাকে কেন্দ্র করে একজন শিক্ষক প্রহৃত হন।

ঘোড়াশাল থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানান, পলাশের একটি কেন্দ্রে পরীক্ষা শেষ হওয়ার ৫ মিনিট পূর্বে একদল লোক পরীক্ষার হলে ঢোকার চেষ্টা করলে পুলিশ লাঠিচার্জ করে। ফলে ঘটনাস্থলে ১০জন আহত হয়।

### রাজশাহী

রাজশাহী বোর্ডের অধীনে গতকালের পরীক্ষায় এ রিপোর্ট লেখা পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী ৪জন শিক্ষকসহ মোট ১ হাজার ১শ' ৫২ জন ছাত্র-ছাত্রীকে বহিষ্কার করা হয়েছে। এদের মধ্যে দিনাজপুর থেকে ৩ জন শিক্ষকসহ ৪শ' ৩৪ জন ছাত্র-ছাত্রী, বগুড়া থেকে ১জন শিক্ষকসহ ৩ শ' ২৫জন ছাত্র-ছাত্রী, রংপুর থেকে ১শ' ৭৫ জন, চাঁপাইনবাবগঞ্জ থেকে ১শ' ২৩ ও ঠাকুরগাঁও থেকে ১১ ও ঈশ্বরদী থেকে ৪ জন ছাত্র-ছাত্রীকে বহিষ্কার করা হয়।

### দিনাজপুর

দিনাজপুর থেকে নিজস্ব সংবাদদাতা জানানঃ জেলার ১৩টি কেন্দ্রে ৪শ' ৩৪ জনকে বহিষ্কার করা হয়। এর মধ্যে প্রথম পত্রে ২শ' ৫৮ এবং দ্বিতীয় পত্রে ১শ' ৭৬ জন বহিষ্কার হয়। বোচাগঞ্জ থেকে ২ জন এবং পার্বতীপুর কেন্দ্র থেকে ১ জন পরিদর্শককে নকলে সহযোগিতার দায়ে ম্যাজিস্ট্রেট বহিষ্কার করেন। জেলায় মোট পরীক্ষার্থীর সংখ্যা ১৩ হাজার ২শ' ৩ জন। এদের মধ্যে ৮১ জন অনুপস্থিত।

পরীক্ষা চলাকালীন সময়ে জেলা সদরের সকল ফটোস্ট্যাট মেশিন বন্ধ করে দেয়া হয়।

### গফরগাঁও

গফরগাঁও থেকে নিজস্ব সংবাদদাতার ফোনঃ মোট ৪৫ জন বহিষ্কার। মোট পরীক্ষার্থী ২ হাজার ৪শ' ৮১ জন। এর মধ্যে মহিলা ৮শ' ৮৩ জন।

### মাদারীপুর

মাদারীপুর থেকে নিজস্ব সংবাদদাতা জানান, মাদারীপুর জেলার ৩টি কেন্দ্র থেকে ৬১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে মাদারীপুর কেন্দ্র থেকে ৫৩ জন, রাজৈর কেন্দ্র থেকে ৬ জন ও কালকিনি কেন্দ্র থেকে ২ জনকে বহিষ্কার করা হয়েছে।

### গাজীপুর

গাজীপুর থেকে নিজস্ব সংবাদদাতা জানান ঃ এসএসসি পরীক্ষার প্রথম দিনে গাজীপুর জেলার ৭টি কেন্দ্রের মধ্যে ৪টি কেন্দ্র থেকে মোট ২৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। বহিষ্কৃতদের মধ্যে কাপাসিয়া কেন্দ্র থেকে ১৭ জন, শ্রীপুর কেন্দ্র থেকে ৭ জন, কালীগঞ্জ কেন্দ্র থেকে ৩ জন এবং কালিয়াকৈর কেন্দ্র থেকে ১ জনকে বহিষ্কার করা হয়েছে।

### বগুড়া

বগুড়া থেকে নিজস্ব সংবাদদাতা জানানঃ এসএসসি পরীক্ষার প্রথম দিন বগুড়ায় ৪টি উপকেন্দ্রসহ ১৭টি কেন্দ্রের মধ্যে ১৬টি থেকে নকল ও নকল সরবরাহের দায়ে একজন শিক্ষকসহ ৩শ' ২৫ জনকে বহিষ্কার করা হয়েছে। ১৩ হাজার ২শ' ৯৪ জন পরীক্ষার্থীর মধ্যে ৩শ' ৩১ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়নি।

গাবতলী ও সারিয়াকান্দি কেন্দ্রে পরীক্ষা শুরুর দশ মিনিটের মধ্যেই প্রশ্নপত্র পরীক্ষা হলের বাইরে চলে আসে। এই দু'টি কেন্দ্রে পরীক্ষার্থীদের শিক্ষকদের প্রত্যক্ষ ও পরোক্ষ সহায়তায় নকল করতে দেখা গেছে।

### রংপুর

রংপুর থেকে নিজস্ব সংবাদদাতার ফোনঃ জেলার ১৫টি পরীক্ষা কেন্দ্র থেকে ১শ' ৭৫ জনকে বহিষ্কার করা হয়েছে।

### চাঁপাইনবাবগঞ্জ

আমাদের নিজস্ব সংবাদদাতা জানাচ্ছেনঃ চাঁপাইনবাবগঞ্জ জেলার ৫টি উপজেলার ৮টি কেন্দ্রে গতকাল ১শ' ২৩ জন পরীক্ষার্থীকে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে বহিষ্কার করা হয়েছে।

### ঈশ্বরদী

ঈশ্বরদী, ২রা মে (নিজস্ব সংবাদদাতার ফোন)।- অসদুপায় অবলম্বনের দায়ে ৪ জনকে বহিষ্কার করা হয়েছে। মোট পরীক্ষার্থী ১৩৭৯ জন। এর মধ্যে অনুপস্থিত ছিল ৯ জন। ঈশ্বরদী এস, এম হাই স্কুল ও উচ্চ বালিকা বিদ্যালয়ে এবার পরীক্ষা কেন্দ্র স্থাপন করা হয়।

### ময়মনসিংহ

ময়মনসিংহ থেকে জেলা বার্তা পরিবেশক ফোনে জানানঃ ময়মনসিংহ জেলায় মোট ১শ' ৯৬ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে।

উপজেলাওয়ারী হিসেব হচ্ছেঃ সদর-৯, কিশোরগঞ্জ-১২, নান্দাইল-৪১, গফরগাঁও-৪৪, ভালুকা-৪, ত্রিশাল-৬৩, ফুলবাড়িয়া-১০, ফুলপুর-৯, হালুয়াঘাট-২ ও ধোবাউড়ায়-২ জন।

### ঠাকুরগাঁও

ঠাকুরগাঁও থেকে নিজস্ব সংবাদদাতা ফোনে জানানঃ জেলার ৫টি কেন্দ্রে ৪ হাজার ৩শ' ৮৫ জন পরীক্ষা দিয়েছে। মোট ১১ জন বহিষ্কৃত হয়েছে। সদরে পরীক্ষার হলে অব্যবস্থা ও অনিয়ম পরিলক্ষিত হয়। জামালপুর ও ফাড়াবাড়ি হাই স্কুলের ছাত্রদের সিট নম্বর দেয়া হয়নি। এর ফলে ঐ দু'টি স্কুলের ছাত্রদের আধ ঘন্টা মূল্যবান সময় নষ্ট হয়। কর্তৃপক্ষ জানান, পরীক্ষা পরিচালনা কমিটির ভুলের কারণে এটা হয়েছে।

### ঘোড়াশাল

ঘোড়াশাল থেকে সংবাদদাতার ফোনঃ পলাশ কেন্দ্রে ১ হাজার ৬৮ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। অসদুপায় অবলম্বনের দায়ে বাংলা প্রথমপত্র পরীক্ষার সময় ৪ জনকে বহিষ্কার করা হয়।

প্রথমপত্র পরীক্ষা শেষ হবার ৫ মিনিট আগে একদল লোক জোরপূর্বক কেন্দ্রে প্রবেশের চেষ্টা করলে পুলিশ লাঠিচার্জ করে। এতে ১০ জন আহত হয়।

### নারায়ণগঞ্জ

নারায়ণগঞ্জ থেকে জেলা বার্তা পরিবেশক জানান ঃ এসএসসি পরীক্ষার প্রথম দিনে নারায়ণগঞ্জ ও আড়াইহাজারে ১১ জনকে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য বহিষ্কার করা হয়েছে।